

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
শৃঙ্খলা-২ শাখা  
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০৪১.২৫- ১০৫

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩২  
০৫ মার্চ ২০২৬

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মো: জাহিদুর রহমান চৌধুরী (বিপি-৬৬৯০০১০৫৩৬), সাবেক সহকারী পুলিশ সুপার, হাইওয়ে সার্কেল, নারায়নগঞ্জ (পিআরএল ভোগরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে 'অসদাচরণ' এর অভিযোগে গত ২০.১০.২০২৫ তারিখ বিভাগীয় মামলা নং ৪১/২০২৫ রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২০.১১.২০২৫ তারিখ অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৪.০৩.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তা/রাষ্ট্রপক্ষের বক্তব্য এবং আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনা করা হয়। অভিযুক্ত কর্মকর্তার ইতোমধ্যে পিআরএল-এ গমন করা, অভিযোগে সরকারের আর্থিক ক্ষতির সংশ্লেষ না থাকাসহ প্রাসঙ্গিক অন্যান্য বিষয় বিবেচনায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়; এবং

সেহেতু, জনাব মো: জাহিদুর রহমান চৌধুরী (বিপি-৬৬৯০০১০৫৩৬), সাবেক সহকারী পুলিশ সুপার, হাইওয়ে সার্কেল, নারায়নগঞ্জ (পিআরএল ভোগরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং ৪১/২০২৫ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
মনজুর মোর্শেদ চৌধুরী  
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০৪১.২৫ - ১০৫

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩২  
০৫ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ২। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩। উপসচিব, পুলিশ-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জনাব মো: জাহিদুর রহমান চৌধুরী (বিপি-৬৬৯০০১০৫৩৬), সাবেক সহকারী পুলিশ সুপার, হাইওয়ে সার্কেল, নারায়নগঞ্জ (পিআরএল ভোগরত)
- ৮। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯। অফিস কপি/মাস্টার কপি।

  
মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার  
উপসচিব